গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলার ডিসেম্বর/ ২০২১ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মার্জিয়া সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ১৩/১২/২০২১ খ্রি:।

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত মাননীয় জাতীয় সংসদ সদস্য রাজবাড়ী -১ সহ সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকলকে সামাজিক দূরত্ব বজায় রেখে ও বাধ্যতামূলক মাস্ক ব্যবহার করার আহবান জানান।

০২. **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন** : বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অক্টোবর/২০২১ ও নভেম্বর/২০২১ মাসের তুলনামূলক অপরাধ চিত্র সভায় পর্যালোচনা করা হয়।

০৩. **উপজেলার অপরাধ প্রবণতা** : অক্টোবর/২০২১ ও নভেম্বর/২০২১ মাসের তুলনামূলক অপরাধ চিত্র নিম্নের ছকে দেখানো হলো :

মাসের নাম	খুন	ধর্ষণ	ডাকাতি/ রাহাজানী	চুরি	বিশেষ ক্ষমতা	অস্ত্র উদ্ধার	জুয়া আইনে মামলা	নারী ও শিশু নির্যাতন অপরাধ	প্রতারণা / মানবপাচার মামলা	মাদক মামলা	বিস্ফোরক মামলা	সড়ক দুর্ঘটনা	অন্যান্য	মোট	মন্তব্য
নভেম্বর/ ২০২১	১	-	-	৫	-	-	-	৩	-	২৫	-	৩	৯	৪৬	
অক্টোবর/ ২০২১	-	-	-	৫	-	-	১	৮	-	১৭	-	-	১০	৪১	
	বৃদ্ধি	-	-	স্থিতিশীল	-	-	বৃদ্ধি	হ্রাস	-	বৃদ্ধি	-	বৃদ্ধি	হ্রাস	বৃদ্ধি	

উক্ত তুলনামূলক তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, অক্টোবর/২০২১ মাসে চুরি ০৫ টি, জুয়া আইনে মামলা-০১ টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৮ টি, মাদক অপরাধ-১৭ টি ও অন্যান্য-১০ টি সহ মোট ৪১ টি ও নভেম্বর/২০২১ মাসে খুন -০১ টি, চুরি- ০৫ টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৩ টি, মাদক অপরাধ-২৫ টি ও অন্যান্য-০৯ টি সহ মোট ৪৬ টি অপরাধ সংঘটিত হয়েছে। উপজেলার সার্বিক অপরাধ প্রবণতা অক্টোবর/২০২১ মাসের তুলনায় নভেম্বর/২০২১ মাসে কিছুটা বৃদ্ধি পেয়েছে।

সিদ্ধান্ত : রাজবাড়ী সদর উপজেলার সার্বিক অপরাধ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণে তৎপর হতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ করা হলো।

বাস্তবায়নে : অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।

০৪. **জঙ্গীবাদের কুফল বিষয়ে আলোচনা** : সভাপতি জঙ্গীবাদের কুফল বিষয়ে আলোচনায় অংশ নিয়ে বলেন, বর্তমান অবস্থার প্রেক্ষাপটে সরকারের নির্দেশনা অনুযায়ী উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের প্রতি শুক্রবার মসজিদে নামাজ আদায় কালে খুৎবার পূর্বে মাদকের ভয়াবহতা, জঙ্গীবাদ, সন্ত্রাস ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে পবিত্র কুরআন ও হাদিসের আলোকে ০৫ মিনিট নিয়মিত বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে অনুরোধ জানান। তাদেরকে প্রত্যেক শুক্রবার ভিন্ন ভিন্ন মসজিদে নামাজ আদায় করার জন্য অনুরোধ জানান হয়।

সিদ্ধান্ত : জঙ্গীবাদের কুফল সম্পর্কে প্রতি শুক্রবার জুম্মার নামাজের পূর্বে বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজবাড়ী,সভাপতি, ইমাম কমিটি,রাজবাড়ী এবং রাজবাড়ী সদর উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তা ও সকল ইউ,পি চেয়ারম্যান।

০৫. **মাদক বিরোধী অভিযান** : জনাব দেওয়ান মোহাম্মদ জিল্লুর রহমান ,পরিদর্শক, মাদক নিয়ন্ত্রন অধিদপ্তর, সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, রাজবাড়ী সদরের বিভিন্ন এলাকায় মাদক বিরোধী অভিযান জোরদার করা হয়েছে। রাজবাড়ীতে ৮৯ টি অভিযান পরিচালিত হয়েছে। ৩৩

টি মামলা করা হয়েছে। অভিযান থেকে ৬.২ গ্রাম হেরোইন, ২ কেজি ৪৮০ গ্রাম গাজা, ৫৩০ পিচ ইয়াবা উদ্ধার করা হয়েছে। মাদকের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা হবে মর্মে উল্লেখ করেন।

সিদ্ধান্ত : রাজবাড়ী সদর উপজেলার মাদকদ্রব্য ক্রয়-বিক্রয় করা হয় এমন স্পটসমূহ চিহ্নিত ও মাদকের গডফাদারদেরকে গ্রেফতার করে আইনের আওতায় আনার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ বিভাগ, র‍্যাব এবং স্থানীয় প্রশাসনের যৌথ উদ্যোগে লাগাতার অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : অফিসার-ইন-চার্জ, রাজবাড়ী থানা, পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল ও সকল ইউ,পি চেয়ারম্যান ।

০৬. উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট সকল বিষয়াদি নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত:

সভাপতি অপরাধ চিত্র পর্যালোচনা করে বলেন যে, চলতি মাসে অপরাধ প্রবণতা কিছুটা বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, ডিসেম্বর মাস মহান বিজয়ের মাস। এ মাসে শ্রদ্ধাভরে স্মরণ করি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সকল শহীদদের। আগামী ১৬ ডিসেম্বর স্বাধীনতার ৫০ বছর অতিক্রান্ত হবে। তাই সকলকে যথাযথ মর্যাদায় বিজয় দিবস পালনের জন্য তিনি অনুরোধ জানান। অত:পর, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও উপস্থিত সকল সদস্য/সুধীজনের বক্তব্য ও মতামতের আলোকে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৬.১	জনাব মোস্তফা-আল-রাজিব সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান, গত ১ নভেম্বর/২০২১ থেকে ৩০জুন/২০২২ পর্যন্ত ৮ মাস ব্যাপী জাটকা ইলিশ সংরক্ষণ এর সময় নির্ধারণ করা হয়েছে।এ সময় ১০ ইঞ্চি এর নিচে ইলিশ মাস আহরণ, পরিবহন, মজুদ, ক্রয়-বিক্রয় নিষিদ্ধ করা হয়েছে। নদীর পাশাপাশি বিভিন্ন বাজার মনিটরিং অব্যহত থাকবে। তিনি এ বিষয়ে জেলেদের মাঝে সচেতনতা বৃদ্ধির জন্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান। বিভিন্ন জেলায় দেশীয় প্রজাতির মাছ ও শামুক সংরক্ষণ প্রকল্প কাজ শুরু করা হয়েছে। এই প্রকল্পটি রাজবাড়ী সদরে পাওয়ার জন্য প্রকল্প পরিচালক বরাবরে সভাপতির স্বাক্ষরে ডিও লেটার দেওয়া যেতে পারে। এই প্রকল্পটি রাজবাড়ী সদরে আনতে পারলে রাজবাড়ীর মানুষ সারা বছর দেশীয় প্রজাতির মাছ পাবে।	জাটকা বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তথ্য দিয়ে সহযোগিতা করবেন।	উপজেলা প্রশাসন ও উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর।
৬.২	জনাব শামীমা আক্তার (মুনমুন), সহযোগী অধ্যাপক, ডা: আবুল হোসেন কলেজ সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, বিজয়ের মাসে শ্রদ্ধাভরে স্মরন করি বঙ্গবন্ধু এবং জাতীয় চারনেতাসহ সকল মুক্তিযোদ্ধাদের। বালিয়াকান্দি ও কালুখালীতে উৎসবমুখর পরিবেশে ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। তিনি রাজবাড়ীতেও উৎসবমূখর পরিবেশে সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের আশা ব্যক্ত করেন। তিনি নির্বাচন উপলক্ষ্যে আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখতে অনুরোধ জানান। তিনি বলেন, রাজবাড়ী রেলগেটে প্রায়শই যানজটের সৃষ্টি হয় এ বিষয়ে লক্ষ্য রাখতে আইন শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ জানান। তিনি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের নৈতিকতার বিষয়ে জোর দেয়ার জন্য এ সভার মাধ্যমে অনুরোধ জানান। রাজবাড়ীতে বিনোদনের কোন জায়গা নেই। গোদার বাজারে ছোট্ট একটি বিনোদনের জায়গা ছিল যা নদীতে বিলুপ্ত হতে চলেছে তিনি এ সভায় গোদার বাজারের নদীর পার সংস্কারের জন্য অনুরোধ জানান।	নির্বাচন উপলক্ষ্যে আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৩	জনাব শেখ গোলাম মোস্তফা বাচ্চু, চেয়ারম্যান, বানীবহ ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। তিনি বলেন গত সভায় ট্রেড লাইসেন্স এর বিষয়ে অনুরোধ জানালেও কোন মোবাইল কোর্ট করা হয়নি। তিনি এ বিষয়ে পুনরায় মোবাইল কোর্ট করতে অনুরোধ জানান।গত নভেম্বর এর ১১ তারিখে আনুমানিক রাত ১২.০০ টার সময় বানীবহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি জনাব আ: লতিফ মিয়াকে কে গুলি করে হত্যা করে। এ বিষয়ে থানায় মামলা করা হয়। মামলার তদন্ত অফিসার এস আই হিরণ কুমারের নিকট মামলার অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে তিনি এ বিষয়ে কোন কথা না বলে মোবাইল বন্ধ করে দেন। এই ব্যবহারটি অত্যন্ত দু:খজনক। এ ব্যবহারে তিনি ধিক্কার প্রস্তাব উপস্থাপন করেন। তিনি উক্ত মামলার অগ্রগতি সম্পর্কে অফিসার ইন-চার্জ রাজবাড়ী থানা এর নিকট জানতে চান।	ট্রেড লাইসেন্স এর বিষয়ে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা নিতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) রাজবাড়ী সদর, রাজবাড়ী।
৬.৪	জনাব মীর্জা বদীউজ্জামান, চেয়ারম্যান, বসন্তপুর ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, কিছু কিছু প্রার্থী আমাদের হমকী দিচ্ছে। তিনি বলেন নির্বাচনী প্রার্থীরা যার যার অবস্থানে থেকে ভোট চাইবে জনগণ তার পছন্দের প্রার্থীকে ভোট দিবেন। শোনা যাচ্ছে প্রতিদন্দী প্রার্থীরা ভোটের দিন ভোটকেন্দ্রে অরাজকতা সৃষ্টি করবে এ সকল বিষয়ে তিনি নির্বাচনে দায়িত্ব প্রাপ্ত সকল কর্মকর্তা ও আইন শৃঙ্খলা বাহিনীকে লক্ষ্য রাখতে অনুরোধ জানান।	নির্বাচনের দিন যেন কেউ ভোটকেন্দ্রে অরাজকতা সৃষ্টি করতে না পারে সে বিষয়ে ব্যবস্থা নিতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

৬.৫	জনাব মো: রমজান আলী খাঁন, সভাপতি, উপজেলা আওয়ামীলীগ ও চেয়ারম্যান ইউ,সি,সি এ লি: সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, এস আই হিরণ কুমারের বিষয়ে বানীবহ চেয়ারম্যান এর সাথে একমত পোষন করছি। তিনি এই হত্যাকান্ডের বিষয়ে অফিসার ইনচার্জ রাজবাড়ী এর দৃষ্টি আকর্ষণ করেন এবং হত্যাকান্ডের সুষ্ঠু তদন্তসহ দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেন। বসন্তপুর ইউনিয়ন চেয়ারম্যান এর বক্তব্যের বিষয়ে তিনি বলেন, নির্বাচনে হাওয়া থেকে পাওয়া কথার কোন মূল্য নেই । সকলে মিলে মিশে নির্বাচন করেন। জনগণ যাকে নির্বাচিত করবেন সেই ই জয়যুক্ত হবে। অত:পর তিনি অফিসার ইন-চার্জ রাজবাড়ী এর নিকট আ: লতিফ মিয়াকে গুলি করে নির্মমভাবে হত্যার বিষয়ে তদন্ত কতখানি অগ্রসর হয়েছে এ বিষয়ে জানতে চান।	আ: লতিফ মিয়ার হত্যার তদন্ত দ্রুত করতে হবে ও অপরাধীকে বিচারের আওতায় আনতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৬	বীর মুক্তিযোদ্ধা, জনাব আ: জলিল, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, বর্তমানে ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষ্যে বরাট ইউনিয়নে মাদকের ব্যবহার বেড়ে গেছে। রাজবাড়ীতে বড় আকারের কোন ঘটনা ঘটে নাই। রাজবাড়ীতে সাধারণত শান্তির মধ্যেই নির্বাচন অনুষ্ঠিত হয়। এই ধারা বজায় রেখে আগামী ২৬ তারিখের নির্বাচনে কোন বিশৃঙ্খলা যেন না হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে আইন শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ করেন। তিনিও আ: লতিফ মিয়াকে গুলি করে নির্মমভাবে হত্যার বিষয়ে সুষ্ঠু তদন্তসহ দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানান।	সুষ্ঠু ও সুন্দর ভাবে নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে ব্যবস্থা নিতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৭	বীর মুক্তিযোদ্ধা জনাব এস,এম নওয়াব আলী ও সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, রাজবাড়ী সদরে আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভাল। তিনি আরো বলেন, যে জেলার মাননীয় সংসদ সদস্য ভালো সেখানে নির্বাচন সবসময় ভালোই হয়। তাছাড়া পুলিশ সুপার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বলেছেন নির্বাচন হবে সে ক্ষেত্রে আমরা আশা করতে পারি নির্বাচন সুষ্ঠু হবে। তিনি মাননীয় সংসদ সদস্যকে নির্বাচনের সময় রাজবাড়ীতে থাকতে অনুরোধ করেন। ফলে রাজবাড়ীর আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো থাকবে।	নির্বাচনে শান্তি শৃঙ্খলা রক্ষার ব্যবস্থা নিতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৮	জনাব আকাশ কুমার কুন্ডু, সহকারী কমিশনার (ভূমি) রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, ডিসেম্বর মাস বিজয়ের মাস তাই বিশেষ গুরুত্ব বহন করে।আমরা প্রজাতন্ত্রের কর্মচারী মালিক হচ্ছে জনগণ। ইউনিয়ন পরিষদ নির্বাচন/২০২১ এ রাজবাড়ী সদরে ৪ জন রিটার্নিং অফিসার রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নেতৃত্বে সকলের সাথে সমন্বয়ে কাজ করবো। নির্বাচনকে অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ করার জন্য আইন শৃঙ্খলা রক্ষার্থে মাঠে গেলে জনপ্রতিনিধিরা সার্বিক সহযোগিতা করবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন। জাতীয় সংসদ সদস্যর নির্দেশনায় ও সকলের সহযোগিতায় আমরা একটি অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন রাজবাড়ী সদরে উপহার দিতে পারব।	আইন শৃঙ্খলা বাহিনীকে সার্বিক সহযোগিতা করতে হবে।	স্থানীয় জনপ্রতিনিধিগণ।
৬.৯	জনাব রাকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, ডিসেম্বর মাস মহান বিজয়ের মাস। এ মাসে প্রথমে স্মরণ করি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চার নেতা ও মুক্তিযুদ্ধে নিহত শহীদদের প্রতি। রাজবাড়ী সদরের কয়েকটি ইউনিয়নে নির্বাচনে মাঠ উত্তপ্ত। চন্দনী, মূলঘর, দাদশীতে ছোট ছোট কিছু ঘটনা ঘটেছে। যা আইনশৃঙ্খলা বাহিনীর নজরে আছে। রাজবাড়ীর মানুষের প্রতি আমাদের দায়বদ্ধতা আছে ফলে ছোট ছোট ঘটনা যেন সেখানেই থেমে যায় এবং কোন প্রার্থী যেন অযথা হয়রানীর শিকার না হয় এ বিষয়ে লক্ষ্য রাখতে তিনি এ সভার মাধ্যমে অনুরোধ জানান।	ইউনিয়ন পরিষদ নির্বচনে অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর ও ২। অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.১০	জনাব এ্যাডভোকেট ইমদাদুল হক বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, একটি দেশের অগ্রযাত্রায় বড় হচ্ছে কর্মসহিসনুতা। সকলকে অবশ্যই কর্মসহিসনুতা মেনে চলতে হবে তাহলে রেষারেষি থাকবে না। নির্বাচন হবে উৎসব মূখর। দায়িত্ব পালনকারীদের নিকট বিনীত অনুরোধ করে বলেন, সবাই যেন প্রচারের সমতা অধিকার পায়।আমাদের নিরপেক্ষতা রাষ্ট্রের মর্যাদা বৃদ্ধি করে। তিনি সকলের মত প্রকাশের অধিকারকে সহযোগিতা করার অনুরোধ করেন। তিনি মাননীয় জাতীয় সংসদ সদস্য রাজবাড়ী-১ কে সম্বোধন করে বলেন, আপনি থাকলে আমরা সাহস পাই। নির্বাচনের ২/৩ দিন আগ থেকে ২/৩ দিন পর পর্যন্ত মাননীয় জাতীয় সংসদ সদস্যকে রাজবাড়ীতে অবস্থানের জন্য অনুরোধ করেন।	সকল প্রার্থীকে প্রচারের সমতা প্রদান করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।